



শ্রেণিঃ দ্বিতীয়

বার্ষিক

বিষয়ঃ বাংলা (খামার বাড়ির পশুপাখি)

লেকচার শীট -১

তারিখঃ ০৩/১০/২০২০

- শিক্ষার্থীরা ‘খামার বাড়ির পশুপাখি’ গল্পটির ১ম অংশ (গ্রামের নাম-উড়াউড়ি করে) পড়বে ও বুঝবে।

মূলশব্দ ও মূলশব্দের অর্থঃ

সোনাইমুড়ি – গ্রামের নাম

পেশা – জীবিকা

বাস – আবাস

তিতাস – নদীর নাম

পাড়ে – নদী বা পকুরের কিনারা

খামার – পশু পালন বা ফসল ফলানোর জায়গা

বাছুর – গরুর বাচ্চা

চরে – মাঠে গরু-ছাগলের ঘাস খাওয়া ও বেড়ানো

খইল – পশুর খাবার

ভুসি – ছোলা বা গমের কুঁড়ো বা খোসা

পোষেন – কোনো প্রাণিকে পোষ মানানো

- মূলশব্দ দিয়ে ছোট ছোট প্রশ্ন করা হবে ও শিক্ষার্থীরা প্রশ্ন বুঝে উত্তর দিবে।

মূলশব্দ দিয়ে প্রশ্নঃ

১। গ্রামের নাম কী? উত্তরঃ গ্রামের নাম সোনাইমুড়ি।

২। গ্রামের পাশেই কী নদী? উত্তরঃ গ্রামের পাশেই তিতাস নদী।

- ৩। নদীর পাড়ে কার খামার? উত্তরঃ নদীর পাড়ে গনি মিয়ার খামার।
- ৪। গনি মিয়ার খামারে কী আছে? উত্তরঃ গনি মিয়ার খামারে আছে গরু ও বাছুর।
- ৫। দিনের বেলা খামারের গরুগুলো কী করে? উত্তরঃ দিনের বেলা খামারের গরুগুলো মাঠে চরে।
- ৬। বাছুরগুলো কী করে? উত্তরঃ বাছুরগুলো এদিক ওদিক ছোটাছুটি করে।
- ৭। গাভী কেমন করে ডাকে? উত্তরঃ গাভী হাম্বা হাম্বা করে ডাকে।
- ৮। কার ডাক শুনে বাছুর ছুটে যায়? উত্তরঃ মায়ের ডাক শুনে বাছুর ছুটে যায়।
- ৯। খামারের গরুগুলো কী খায়? উত্তরঃ খামারের গরুগুলো ঘাস, খইল আর ভুসি খায়।
- ১০। গনি মিয়া শখ করে কী পোষেন? উত্তরঃ গনি মিয়া শখ করে কবুতর পোষেন।
- ১১। কবুতরগুলো কেমন করে ডাকে? উত্তরঃ কবুতরগুলো বাক বাকুম বাক বাকুম করে ডাকে।
- ১২। গনি মিয়ার মেয়ের নাম কী? উত্তরঃ গনি মিয়ার মেয়ের নাম রিতা।
- ১৩। রিতা কোন শ্রেণিতে পড়ে? উত্তরঃ রিতা দ্বিতীয় শ্রেণিতে পড়ে।
- ১৪। কে কবুতরগুলোকে অনেক ভালোবাসে? উত্তরঃ রিতা কবুতরগুলোকে অনেক ভালোবাসে।
- ১৫। কবুতরগুলো কী খায়? উত্তরঃ কবুতরগুলো গম ও মটর খায়।

- শিক্ষার্থীরা গল্প থেকে যুক্তবর্ণ খুঁজে বের করবে ও দুইটি করে শব্দ তৈরি করার চেষ্টা করবে।

যুক্তবর্ণঃ

গ্র - গ + র ফলা = গ্রাম, গ্রহ

ম্ব - ম + ব = লম্বা, কম্বল

দ্ব - দ + ব = দ্বিতীয়, দ্বার

চ্ছ - চ + ছ = ইচ্ছা, স্বচ্ছ

- শিক্ষার্থী নিজের ভাষায় গল্পটির প্রথম অংশ বলবে।

শিক্ষক - শাহরিন সুলতানা মৌলী